

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০৫-১০-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০২-১০-২০২৩ থেকে ০৪-১০-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে:

**০২ অক্টোবর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** শ্রীনিকেতন, তারকেশ্বর, আলিপুর: ৪

**০৩ অক্টোবর:** পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কয়েক জায়গায়; গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম মেদিনীপুর জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাঙ্গ জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** সবং:১০; সামসিং:৭; খড়গপুর:৬; বাঁকুড়া, লছিপুর, কলাইকুণ্ডা:৫

**০৪ অক্টোবর:** দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা গাঙ্গেয় পশ্চিমবঙ্গে অতি সক্রিয় ছিল এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে সক্রিয় ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার কয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত সহ দুয়েক জায়গায় প্রবল ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাঙ্গ জেলার অনেক জায়গায় এবং দার্জিলিং জেলার কয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, নদীয়া, মুর্শিদাবাদ,

হাওড়া, হুগলী, কলকাতা এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** আমগাছিয়া, সবং: ৪৪;  
পাঁশকুড়া:২৪; কালিম্পাঙ, দার্জিলিং, দুর্গাচক, ইটামোগরা: ১৩; দার্জিলিং, তমলুক:১২; লাভা:১১;  
বক্সাদুয়ার, ডায়মন্ড হারবার, ঘাটাল, বালং:১০; উলুবেড়িয়া:৯; আসানসোল, সামসিং:৮;  
হাসিমারা,আলিপুর, তারকেশ্বর, হরিণঘাটা:৭; সল্টলেক, কাকদ্বীপ:৬; বাঁকুড়া, কাঁথি,  
হরিণখোলা, কল্যাণী, দমদম, মেদিনীপুর, মোহনপুর, রানীগঞ্জ, আমতা:৫; খড়গপুর:৪

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭৯ থেকে ৯২ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৫ থেকে ৯৭ শতাংশ।

**সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ০২ই অক্টোবর মগরা তে ৩২.০ ডিগ্রি সেলসিয়াস ছিল এবং সর্বনিম্ন তাপমাত্রা ০৪ ই অক্টোবর পুরুলিয়া তে ২৩.১ ডিগ্রি সেলসিয়াস ছিল।

## পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

### ০৫ অক্টোবর (দিন ১) -

পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২ দিন দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ৩ দিন ধীরে ধীরে তাপমাত্রা ২-৩ ডিগ্রী সেলসিয়াস বাড়বে।

### ০৬ অক্টোবর (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাঙ, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

### ০৭ অক্টোবর (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাঙ, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

## সতর্কীকরণ:

### ০৫ অক্টোবর (দিন ১) -

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা সহ দুয়েক জায়গায় প্রবল ভারী বৃষ্টিপাতের (>২০ সেমি) সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, বীরভূম ও মুর্শিদাবাদ জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

৪) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

### ০৬ অক্টোবর (দিন ২)-

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

### ০৭ অক্টোবর (দিন ৩) -

কোন সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

*সুজাতা সর্*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

০৫-১০-২০২৩